



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
টেলিফোন : ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্স : ০৪৬৬২-৭৫২২৪
ই-মেইল : da@mpa.gov.bd
ওয়েব সাইট : www.mpa.gov.bd

নং-১৮.১৪.০১৫৮.০১২৪.৩৬.০৫২.২০১৭-৫৮২

০৬ মার্চ ২০১৭ খ্রিঃ।

বিষয় : মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০১.১৫(অংশ-১)-১৬১৯, তারিখ : ০৮/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত নম্বর-৮.২ এবং ৮.৩ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফেব্রুয়ারী-২০১৭ আদিষ্ট হয়ে অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০১ (এক) পাতা।

স্বাক্ষরিত/ ৬/৩/১৭
পরিচালক (প্রশাসন)

সচিব
নৌ-পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি :

- ১। জনাব আবদুছ ছাত্তার শেখ, উপ সচিব (মোংলা বন্দর শাখা)
নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব এস. এম. শফিক, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্রমিক নং	সিদ্ধান্ত নং	মন্ত্রি সভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	৮.২	গত ১৪ ফেব্রুয়ারী ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে-সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নতুন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করিবার যেই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল তৎপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/ বিভাগ অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পত্তিকৃত রহিয়াছে সেগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ আগামী পাঁচ মাসের মধ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক নিষ্পত্তি করিবেন।	(ক) নৌ-পরিবহন মন্ত্রণালয় ১ সেপ্টেম্বর ২০১৩ তারিখের পত্র মোতাবেক মংলা বন্দর কর্তৃপক্ষের ""The Mongla Port Ordinance 1976 এবং The Mongla port Authority (Amendment) Ordinance, 1982, 1985 ও ১৯৮৭"" আইনে পরিণত করার জন্য ২৮/০৪/২০১৪ তারিখের আদেশ এর মাধ্যমে কমিটি গঠন করা হয়। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র মোতাবেক মোংলা বন্দর কর্তৃপক্ষের উক্ত আইনটি মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১৪ (খসড়া) সংশোধন পূর্বক গত ২১-০৩-২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গত ২৮-০৪-২০১৬ ইং তারিখে মোংলা বন্দর কর্তৃপক্ষের আইন, ২০১৪ এর খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষে পরীক্ষা - নিরীক্ষার জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে মবক বাংলা আইন, ২০১৪ এর খসড়া ভেটিং এর জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ২১/০৮/২০১৬ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ১৯/০৯/২০১৬ তারিখের পত্রের মাধ্যমে বাংলা ভাষায় প্রণীত মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১৪ এর খসড়া সফটকপি ও হার্ডকপি চাহিদা অনুযায়ী গত ১০/১১/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১৪ এর খসড়া মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য যথাক্রমে গত ২৬/১২/২০১৬, ২৭/১২/২০১৬, ০৫/০২/২০১৭, ০৬/০২/১৭ ইং তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে তার অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হয়।
২.	৮.৩	মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করিবার সরকারি নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবেন।	দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করার সরকারি নির্দেশনা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/ ৬/৩/১৭
পরিচালক (প্রশাসন)

